

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১০৩

২১. উত্তরাধিকার অধ্যায় (کتاب الفرائض)

পরিচ্ছেদঃ ৩৯. দাবী করা ও তা প্রত্যাখ্যান করা

باب فِي الِادِّعَاءِ وَالْإِنْكَارِ

## আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مُحَمَّدٍ الْمُحَارِبِيُّ عَنْ الْأَعْمَشِ عَنْ إِبْرَاهِيمَ فِي الْإِحْوَةِ يَدَّعِي بَعْضُهُمْ الْأَخَ وَيُنْكِرُ الْآخَرُونَ قَالَ يَدْخُلُ مَعَهُمْ بِمَنْزِلَةِ عَبْدٍ يَكُونُ بِبْرَاهِيمَ فِي الْإِحْوَةِ فَيَعْتِقَ أَحَدُهُمْ نَصِيبَهُ قَالَ وَكَانَ عَامِرٌ وَالْحَكَمُ وَأَصْحَابُهُمَا يَقُولُونَ لَا يَدْخُلُ إِلَّا فِي نَصِيبِ الَّذِي اعْتَرَفَ بِهِ

## বাংলা

৩১০৩. আ'মাশ হতে বর্ণিত, এমন কিছু ভাই যাদের কতক (একজনকে) ভাই দাবী করলো, আর অপর কতক অস্বীকার করলো- তাদের সম্পর্কে ইবরাহীম (রহঃ) বলেন, ভাইদের মাঝের দাসের স্থলে তাকে তাদের সাথে শরীক বানানো হবে। তখন তাদের একজন তার অংশ ছেড়ে দিবে। তিনি বলেন, আমির, হাকাম ও তাদের সাথীরা বলতেন: যে তাকে স্বীকৃতি দিল, কেবল সেই ভাইয়ের অংশে সে অংশীদার হবে।[1]

## ফুটনোট

[1] তাহকীক্ব: এর রাবীগণ বিশ্বস্ত, তবে আব্দুর রহমান এটি 'আন আন' শব্দে বর্ণনা করেছেন। আর তিনি মুদাল্লিস।

তাখরীজ: ইবনু আবী শাইবা ১১/৩৮৫ নং ১১৫৪৩; আব্দুর রায্যাক ১৯১৪৩।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আ'মাশ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন